রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, মার্চ ১৮, ২০১৮

[ বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ ]

**বাংলাদেশ বার কাউন্সিল কার্যালয়**
**বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা।**

**বাংলাদেশ বার কাউন্সিলের সাধারণ নির্বাচনের বিজ্ঞপ্তি**

তারিখ : ১৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ/৩০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ

নং **বাবাকা/প্রশাসন/২০১৮/৯৬৩**—এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে, বাংলাদেশ লিগ্যাল প্রাকটিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার, ১৯৭২ (১৯৭২ সালের রাষ্ট্রপতির আদেশ নং-৪৬)-এর অনুচ্ছেদ ৮ এর বিধান অনুযায়ী বাংলাদেশ বার কাউন্সিল ১৪ জন সদস্য নির্বাচনের জন্য ২০১৮ সালের ১৪ই মে, সোমবার সকাল ১০ ঘটিকা হইতে বিকাল ৫ ঘটিকার মধ্যে নিম্নবর্ণিত ভোটকেন্দ্রসমূহে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হইবে।

(১) বাংলাদেশ সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি ভবন, শাহবাগ, ঢাকায় একটি ভোটকেন্দ্র থাকিবে।

(২) দেশের সকল জেলা সদরের দেওয়ানী আদালত প্রাঙ্গনে একটি করিয়া ভোটকেন্দ্র থাকিবে।

(৩) বাজিতপুর, ইশ্বরগঞ্জ, দুর্গাপুর, ভাংগা, চিকন্দি, পটিয়া, সাতকানিয়া, বাঁশখালী, ফটিকছড়ি, সন্দ্বীপ, হাতিয়া, নবীনগর ও পাইকগাছা দেওয়ানী আদালতসমূহের প্রত্যেকটির অঙ্গনে একটি করিয়া ভোটকেন্দ্র থাকিবে।

সর্বমোট ১৪ জন সদস্য নির্বাচিত হইবেন। বার কাউন্সিলের সনদপ্রাপ্ত অ্যাডভোকেটগণ তাহাদের মধ্য হইতে জেনারেল সীটে ৭(সাত) জন সদস্য নির্বাচিত করিবেন এবং ৭(সাত) টি গ্রুপ সীটের প্রত্যেকটির এলাকাধীন লোকাল আইনজীবী সমিতির সদস্য অ্যাডভোকেটগণের মধ্য হইতে একজন করিয়া ৭ (সাত) জন্য সদস্য নির্বাচিত করিবেন।


মূল্য : টাকা ৮.০০

**গ্রুপ সীটের বর্ণনা নিম্নে দেওয়া হইল :**

| গ্রুপের নাম | প্রত্যেক গ্রুপের অন্তর্গত লোকাল আইনজীবী সমিতির নাম |
|---|---|
| (এ) | বৃহত্তর (পূর্ববর্তী) ঢাকা জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবি সমিতি। |
| (বি) | বৃহত্তর (পূর্ববর্তী) ময়মনসিংহ, টাংগাইল ও ফরিদপুর জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (সি) | বৃহত্তর (পূর্ববর্তী) চট্টগ্রাম এবং নোয়াখালী জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (ডি) | বৃহত্তর (পূর্ববর্তী) কুমিল্লা ও সিলেট জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (ই) | বৃহত্তর (পূর্ববর্তী) খুলনা , বরিশাল ও পটুয়াখালী জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (এফ) | বৃহত্তর (পূর্ববর্তী) রাজশাহী, যশোর ও কুষ্টিয়া জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |
| (জি) | বৃহত্তর (পূর্ববর্তী) দিনাজপুর, রংপুর, বগুড়া ও পাবনা জেলার অন্তর্গত সকল লোকাল আইনজীবী সমিতি। |

[**দ্রষ্টব্য:** সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি ব্যতীত অন্যান্য সকল আইনজীবী সমিতিকে লোকাল আইনজীবী সমিতি বলা হয়।]

বার কাউন্সেলের সদস্য হিসাবে নির্বাচনের জন্য নির্ধারিত ফরমে বার কাউন্সিলের সচিব মহোদয় বরাবর লিখিত ৩ (তিন) জন ভোটার স্বাক্ষরিত প্রস্তাব নমিনেশন ফি হিসাবে বাংলাদেশ বার কাউন্সিল বরাবরে ১০০০/- (এক হাজার) টাকা ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সহকারে বার কাউন্সিলের সচিব মহোদয়ের নিকট পৌঁছাইতে হইবে। নির্ধারিত ফরমের নমুনা প্রত্যেক আইনজীবী সমিতি অথবা বার কাউন্সিল কার্যালয়ে পাওয়া যাইবে। একটি ফরমে কেবলমাত্র একজন প্রার্থীর নাম প্রস্তাব করা যাইবে। একটি ফরমে একাধিক প্রার্থীর নাম প্রস্তাব করিলে কিংবা ভুল তথ্য পরিবেশন করিলে প্রস্তাবটি বাতিল বলিয়া গণ্য হইবে। কোন ভোটার জেনারেল সীটের জন্য ৭ (সাত) টির বেশী প্রস্তাব স্বাক্ষর করিতে পারিবেন না এবং কোন গ্রুপ সীটের এলাকাধীন লোকাল আইনজীবী সমিতির কোন ভোটার উল্লিখিত জেনারেল সীটের জন্য ৭ (সাত) টি এবং সংশ্লিষ্ট গ্রুপ সীটের জন্য একটির বেশী প্রস্তাবে স্বাক্ষর করিতে পারিবেন না। উপরোক্ত সংখ্যার বেশী প্রস্তাব দাখিল করিলে দাখিলকৃত প্রস্তাবগুলির ক্রমানুযায়ী অতিরিক্ত প্রস্তাবগুলি বাতিল বলিয়া গণ্য হইবে।

উল্লেখ্য যে, বাংলাদেশ লিগ্যাল প্রাকটিশনার্স এন্ড বার কাউন্সিল অর্ডার, ১৯৭২-এর অনুচ্ছেদ ৫এ(২) অনুযায়ী কোন অ্যাডভোকেট আসন্ন নির্বাচনের অব্যবহিত পূর্বে পর পর দুইবার বার কাউন্সিলের সদস্য নির্বাচিত হইয়া থাকিলে তিনি আসন্ন নির্বাচনে নির্বাচিত হইবার যোগ্য নহেন।

যাহারা বার কাউন্সিলের সনদপ্রাপ্ত এবং বার কাউন্সিল অনুমোদিত কোন আইনজীবী সমিতির সদস্য তাহারা ভোটার বলিয়া গণ্য হইবেন। বার কাউন্সিল আইনে বিধি নং ৭৩এ অনুযায়ী যে সকল অ্যাডভোকেটকে সনদ প্রদান করা হইয়াছে তাহারাও ভোটার বলিয়া গণ্য হইবেন। সুপ্রীমকোর্ট আইনজীবী সমিতি এবং খাগড়াছড়ি, বান্দরবান ও রাঙ্গামাটি জেলা আইনজীবী সমিতির প্রত্যেক ভোটার জেনারেল সীটের জন্য ৭(সাত) টি ভোট প্রদান করিতে পারিবেন এবং গ্রুপ সীটের জন্য এলাকাধীন লোকাল আইনজীবী সমিতির প্রত্যেক ভোটার জেনারেল সীটের জন্য ৭(সাত) টি ভোট ও সংশ্লিষ্ট গ্রুপ সীটের জন্য একটি মাত্র ভোট প্রদান করিতে পারিবেন।

কোন ভোটার কোন ভোটকেন্দ্রে ভোট প্রদান করিবেন তাহা প্রদর্শন করিয়া ২৯-০৩-২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে ভোটার তালিকা প্রকাশ করা হইবে এবং এই ভোটার তালিকা অনুযায়ী ভোটারগণ নির্দিষ্ট কেন্দ্রে ভোট প্রদান করিবেন। ভোটকেন্দ্রে ভোট প্রদানের দিন স্ব স্ব ভোটারকে ভোট প্রদান কালে তাঁর (NID Card/Passport) প্রদর্শন করিতে হইবে। (NID Card/Passport) প্রদর্শন ছাড়া কোন ভোটার ভোট প্রদান করিতে পারিবেন না। পোলিং এজেন্ট হিসাবে নিয়োগ প্রাপ্তগণ স্ব স্ব ভোটকেন্দ্রে ভোট প্রদান করিতে পারিবেন। গ্রুপ সীটের প্রার্থী পোলিং এজেন্টকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রুপের মধ্যে অবস্থিত কোন একটি লোকাল আইনজীবী সমিতির ভোটার হইতে হইবে। নির্বাচনে প্রার্থীগণ স্ব স্ব এলাকাধীন যে কোন ভোটকেন্দ্রে ভোট প্রদান করিতে পারিবেন।

## নির্বাচনের তফসিল

| | | | |
|---|---|---|---|
| (ক) | যে তারিখের মধ্যে মনোনয়নপত্র বার কাউন্সিল অফিসে দাখিল করিতে হইবে | ঃ | মঙ্গলবার ৩রা এপ্রিল, ২০১৮ সকাল ১০ ঘটিকা হইতে রবিবার ৮ই এপ্রিল, ২০১৮ অপরাহ্ন ৪ ঘটিকা পর্যন্ত |
| (খ) | মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | ঃ | রবিবার ১৫ই এপ্রিল, ২০১৮ অপরাহ্ন ৪ ঘটিকা |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | ঃ | বুধবার ১৮ই এপ্রিল, ২০১৮ অপরাহ্ন ৪ ঘটিকা |
| (ঘ) | ভোট গ্রহণের তারিখ | ঃ | সোমবার ১৪ই মে, ২০১৮ সকাল ১০ ঘটিকা হইতে বিকাল ৫ ঘটিকা পর্যন্ত |
| (ঙ) | যে তারিখের মধ্যে নির্বাচনের বিরুদ্ধে আপত্তি দাখিল করা যাইবে | ঃ | বাংলাদেশ গেজেটে নির্বাচনের ফলাফল প্রকাশিত হইবার তারিখ হইতে ১(এক) মাসের মধ্যে |
| (চ) | যে তারিখে বাংলাদেশ বার কাউন্সিল অফিসে নির্বাচন ট্রাইব্যুনাল কর্তৃক প্রথম বারের মত আপত্তি গৃহীত হইবে | ঃ | রবিবার ৮ই জুলাই, ২০১৮ অপরাহ্ন ৪ ঘটিকা |

নির্বাচন বিধি নং-২২ অনুযায়ী নির্বাচন সংক্রান্ত আপত্তি দরখাস্ত শুনানীন জন্য নিম্নে বর্ণিত অ্যাডভোকেটগণের সমন্বয়ে ট্রাইব্যুনাল গঠন করা হইল :

| | | | |
|---|---|---|---|
| (১) | জনাব বিচারপতি সৈয়দ আমিরুল ইসলাম | ঃ | চেয়ারম্যান |
| (২) | জনাব বিচারপতি ফরিদ আহমেদ | ঃ | মেম্বার |
| (৩) | জনাব মোঃ ওজি উল্ল্যহ, অ্যাডভোকেট | ঃ | মেম্বার |

ভোটার তালিকা প্রতি সেট ২,০০০/- (দুই হাজার) টাকা মূল্য প্রদানে বার কাউন্সিল কার্যালয়, বার কাউন্সিল ভবন, শাহবাগ, ঢাকা হইতে ক্রয় করা যাইবে।

**মাহবুবে আলম**
চেয়ারম্যান
বাংলাদেশ বার কাউন্সিল
ও
এটর্ণী জেনারেল বাংলাদেশ।

মোঃ ছরোয়ার হোসেন, উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd